গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক সময়ে নগই গাণিতিক মডেলিং এর মাধ্যমেও পানি সম্পদ সংশ্লিষ্ট বিষয়ে সমীক্ষা ও গবেষণা পরিচালনা করছে। ভৌত ও গানিতিক মডেলিং পরস্পর সম্পূরক হওয়ায় উভয়বিধ tools ব্যবহারের মাধ্যমে নগই বিভিন্ন নদী ও পানি সংশ্লিষ্ট সমস্যার নিরাপদ, টেকসই ও সাশ্রয়ী কারিগরি সমাধান প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বিগত বছরসমূহে নগই তে অনেকগুলো গানিতিক ও ভৌত মডেলের কাজ সম্পাদন করে ক্লায়েন্টকে গুরুত্বপুর্ন পরামর্শ সেবা প্রদান করা হয়েছে । এর মধ্যে উল্লেখযোগ্য গানিতিক মডেল হলো i)"Topographical, Hydrological and Morphological Study using mathematical model for Madanpur-Dirai-Sullah (Dirai-Sullah Portion) Road under Sunamganj Road Division। আলোচ্য সময়ে সম্পাদিত ভৌত মডেলের মধে অন্যতম হলো i) Physical Model Study for Sustainability of the Buriganga River Restoration Project (Revised), ii) Physical Model Study for Padma River Dredging Management Project। তাছাড়া নগই কর্তৃক বিভিন্ন প্রকল্প বিশেষ করে উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পসমূহের মাটি, পানি, পলল এবং বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুণাগুণ এবং মান পরীক্ষা করে প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা হয়। অপরদিকে নগইতে গবেষণা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ১)"Eco-hydrological status and Impact assessment of Sumesshwari river in Netrokona and Shitalakhya river in Dhaka, Bangladesh" ২) "Characterization of soils around the Arial Khan River of Bangladesh" এবং ৩) "গৃহস্থালি কমিউনিটি এবং মিউনিসিপ্যাল পর্যায় ব্যবহৃত ভূ-গর্ভস্থ পানির ম্যাঙ্গানিজ দূরীকরণে কার্যকরী প্রক্রিয়া উদ্ভাবন"।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সাম্প্রতিক সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক ভৌত মডেল ব্যতিরেকে পানি সম্পদ এবং নদ-নদী সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ প্রকল্প সংশ্লিষ্ট মৃত্তিকা, পানি, পলল এবং নির্মাণ সামগ্রীর গুনাগুণ পরীক্ষার বিষয়ে অনাগ্রহী হয়ে পড়েছে যা কারিগরি মান বজায় রেখে প্রকল্প বাস্তবায়নের জন্য হুমকি স্বরূপ এবং নগই এর জন্য কাজের পরিমাণ হ্রাস জনিত কারণে চ্যালেঞ্জ স্বরূপ। তাছাড়া দেশের বিভিন্ন স্থানের মাটির গঠন ও প্রকৌশলগত গুনাগুণ সম্বলিত ডাটাবেজ প্রাপ্তিতে বিশাল এক প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

নদী, সৈকত, হাওড় কিংবা বিভিন্ন জলাধার সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কাঠামো নির্মাণে ভৌত ও গাণিতিক মডেলের গুরুত্ব এবং অপরিহার্যতার বিষয়ে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থাকে অবহিত করার জন্য যোগাযোগের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। বিশেষ করে ভৌত মডেল স্টাডির গুরুত্ব এবং এই বিষয়ে নগই এর একক দক্ষতার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা সমূহকে অবহিতকরণের বিষয়ে কার্যক্রম হাতে নেয়া হয়েছে। প্রকল্পের সঠিক বাস্তবায়নের জন্য নগইতে পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পসমূহের মাটি, পানি, পলল এবং বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুণাগুণ এবং মান পরীক্ষার গুরুত্ব এবং অপরিহার্যতার বিষয়ে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থাকে অবহিত করণের কার্যক্রমও হাতে নেয়া হয়েছে। নিয়মিতভাবে গবেষণার কার্যক্রম পরিচালনা এবং পানি সম্পদ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়েও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪টি ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা/ অন্যান্য সমীক্ষা এর কাজ সম্পাদন, মৃত্তিকা, পলল,পানি ও নির্মাণ সামগ্রীর ২৫০০ টি নমুনা পরীক্ষার কার্যক্রম, ২ টি প্রশিক্ষণ কার্যক্রম, ১ টি গবেষণার কাজ পরিচালনা, ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে গবেষণামূলক নদী শাসন প্রক্রিয়ার প্রকল্প পরিচালনা, প্রতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্পের মাধ্যমে নদী গবেষণার প্রাতিষ্ঠানিক উন্নয়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দেশের পানি সম্পদের নিরাপত্তা, প্রাপ্যতা এবং সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও গবেষণা পরিচালনা এবং ফলাফল প্রয়োগ নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমীক্ষা ও পরীক্ষা-নিরীক্ষা এবং গবেষণার মাধ্যমে পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত সরকারি এবং বেসরকারি সংস্থাসমূহকে যথাযথ পরামর্শ প্রদানের মাধ্যমে দেশের পানি সম্পদের উন্নয়ন, নিরাপত্তা এবং সঠিক ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী ব্যবস্থাপনার জন্য পরীক্ষা- নিরীক্ষা এবং মডেল ও প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে সমীক্ষা পরিচালনা

২. দাপ্তরিক কাজে দক্ষতা ও গতিশীলতা আনায়ন

৩. পানি সম্পদের সাশ্রয়ী ও টেকসই ব্যবস্থাপনার জন্য সহযোগিতা

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নদী শাসন, নদীর ভাঙন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের প্রয়োজনে নকশা প্রণয়নের জন্য এবং নদী কৌশল, নদীর পলল নিয়ন্ত্রণ, নদীর মোহনা এবং জোয়ার ভাটা সম্পর্কিত গবেষণা কাজে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা;

২. পানি সম্পদ উন্নয়নের জন্য নদীর পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ এবং ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবনাক্ততার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা ;

৩. নদী শাসন, নদীর ভাঙন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের জন্য মাটি, পানি, পলল এবং নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ পরীক্ষা এবং নির্মাণ কাজের মানের তদারকি ও মূল্যায়ন করা;

৪. উপরে উল্লেখিত বিষয়সমূহে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং তৎসংশ্লিষ্ট কারিগরী বিষয়ে সাময়িকী এবং প্রতিবেদন প্রকাশ করা;

৫. উপরোল্লেখিত কোন বিষয় সম্পর্কে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা;

৬. উহার কার্যাবলীর মত একই প্রকার কার্যে নিয়োজিত অন্য কোন দেশী বা বিদেশী সংস্থার সহিত যৌথ কার্যক্রম পরিচালনা করা;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| মৃত্তিকা, পানি, পলল এবং নির্মাণ সামগ্রীর কাঙ্খিত গুণাগুণ নিশ্চিতকরণ | নমুনা পরীক্ষা | সংখ্যা | ২৯৫৭ | ২৩৫০ | ২৫০০ | ৩০০০ | ৩০০০ | বাপাউবো, সওজ, এলজিইডি এবং অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থা সমূহ। | নগই বার্ষিক প্রতিবেদন। |
| সর্বাপেক্ষা কার্যকরী ব্যবস্থা চিহ্নিতকরণ এবং ব্রীজ ও হাইড্রলিক স্ট্রাকচারের জন্য সর্বাপেক্ষা কার্যকরি, টেকসই এবং কম খরচের স্থান নির্ধারণ এবং টেকসই স্ট্রাকচারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা। | ভৌত মডেলের/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | সংখ্যা | ১ | ২ | ৪ | ৪ | ৪ | বাপাউবো, সওজ, এলজিইডি, বিআর, বিবিএ। | নগই বার্ষিক প্রতিবেদন। |
| মৃত্তিকা, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি, পলল, ব্রীজ, হাইড্রলিক স্ট্রাকচার এবং নদী ও নদী প্রবাহ প্রভৃতি বিষয়ে গবেষণালব্ধ প্রয়োগযোগ্য জ্ঞান। | পরিচালিত গবেষণা সম্পন্ন | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | | নগই বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নদী ব্যবস্থাপনার জন্য পরীক্ষা- নিরীক্ষা এবং মডেল ও প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে সমীক্ষা পরিচালনা | ৫০ | [১.১] নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | [১.১.১] নমুনা পরীক্ষা | সমষ্টি | সংখ্যা | ২০ | ২৯৫৭ | ২৩৫০ | ২৫০০ | ২২০০ | ২০০০ | ১৮০০ | ১৫০০ | ৩০০০ | ৩০০০ |
| | | [১.২] ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | [১.২.১] ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | সমষ্টি | সংখ্যা | ২০ | ১ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [১.৩] গবেষণা কার্যক্রম পরিচালনা | [১.৩.১] গবেষণা পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| [২] দাপ্তরিক কাজে দক্ষতা ও গতিশীলতা আনায়ন | ১০ | [২.১] সমসসাময়িক বিষয়ে লার্নিং সেশন ও প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] আয়োজিত লার্নিং সেশন ও প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১০ | | ২ | ২ | ১ | | | | ২ | ৩ |
| [৩] পানি সম্পদের সাশ্রয়ী ও টেকসই ব্যবস্থাপনার জন্য সহযোগিতা | ১০ | [৩.১] রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশ | [৩.১.১] রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ৯২ | ৮৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯০ | ৯৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৯।৫।২২

মহাপরিচালক
নদী গবেষণা ইনস্টিটিউট

তারিখ

সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

২৯।৫।২২
তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এফডি | ফিন্যান্স ডিভিশন |
| ২ | এমবিএফ | মিনিস্ট্রিয়াল বাজেট ফ্রেমওয়ার্ক |
| ৩ | এলজিইডি | লোকাল গভর্ণমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৪ | কিউআইএমআর | কোয়ার্টারলি বাজেট ইমপ্লিমেন্টেশন রিপোর্ট |
| ৫ | নগই | নদী গবেষণা ইনস্টিটিউট |
| ৬ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৭ | বিআইপি | বাজেট ইমপ্লিমেন্টেশন প্ল্যান |
| ৮ | বিআর | বাংলাদেশ রেলওয়ে |
| ৯ | বিএমসি | বাজেট ইমপ্লিমেন্টেশন কমিটি |
| ১০ | বিবিএ | বাংলাদেশ ব্রীজ অথরিটি |
| ১১ | সওজ | সড়ক ও জনপথ বিভাগ |
| ১২ | সিসি | সিটিজেন্স চার্টার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | [১.১.১] নমুনা পরীক্ষা | জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর, নগই, ফরিদপুর। | জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের মাসিক অগ্রগতি প্রতিবেদন/ক্লায়েন্টের নমুনা পরীক্ষার চাহিদাপত্র/ নমনা পরীক্ষার প্রতিবেদন। |
| [১.২] ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | [১.২.১] ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর, নগই, ফরিদপুর। | ভৌত মডেল/ গাণিতিক মডেল/ সমীক্ষা প্রতিবেদন। |
| [১.৩] গবেষণা কার্যক্রম পরিচালনা | [১.৩.১] গবেষণা পরিচালিত | জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর ও হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর, নগই, ফরিদপুর। | গবেষণা প্রতিবেদন। |
| [২.১] সমসসাময়িক বিষয়ে লার্নিং সেশন ও প্রশিক্ষণ আয়োজন | [২.১.১] আয়োজিত লার্নিং সেশন ও প্রশিক্ষণ আয়োজন | প্রশাসন ও অর্থ পরিদপ্তর, নগই, ফরিদপুর। | দপ্তরাদেশ ও হাজিরা। |
| [৩.১] রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশ | [৩.১.১] রিপোর্ট, জার্নাল এবং সাময়িকী প্রকাশিত | জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর ও হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর, নগই, ফরিদপুর। | সংশ্লিষ্ট প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | নমুনা পরীক্ষা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা এবং মাসিক এডিপি সভায় আলোচনা |
| ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা এবং মাসিক এডিপি সভায় আলোচনা। |
| নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | নমুনা পরীক্ষা | বাংলাদেশ রেলওয়ে | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |
| ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | বাংলাদেশ রেলওয়ে | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |
| নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | নমুনা পরীক্ষা | সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |
| ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |
| নমুনা পরীক্ষা কার্য সম্পাদন | নমুনা পরীক্ষা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |
| ভৌত/ গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা পরিচালনা | ভৌত/ গাণিতিক মডেলিং এর মাধ্যমে সমীক্ষা / অন্যান্য সমীক্ষা সম্পাদন | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনের মাধ্যমে নগই'র কর্মকান্ড সম্পর্কে অবহিত করণ। তাছাড়া নগই'র কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন সর্ম্পকিত সভার কার্যবিবরনী প্রেরণ। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ